



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

সরকারী চাকুরিতে একসাথে যোগ দিলেন ১ হাজার ১০ জন কওমি আলেম আরো ১ হাজার ১০ জন আলিয়ার আলেম নিয়োগ প্রক্রিয়াধীন

ঢাকা, ০৫ মার্চ ২০১৮, সোমবার ॥

বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো আজ (৫ মার্চ) সোমবার সকালে একসাথে ১ হাজার ১০ জন কওমি আলেম সরকারী চাকুরিতে যোগ দিলেন। কওমী সনদের সরকারী স্বীকৃতির পর একসাথে এত কওমী আলেমের সরকারী চাকুরিতে যোগদানের ঘটনা এটাই প্রথম।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক আগ্রহে এ বছর ইসলামিক ফাউন্ডেশনের অধীনে সারাদেশে ১ হাজার ১০টি দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় পরিচালিত উক্ত মাদ্রাসায় সদ্য যোগদানকারী কওমি আলেমগণ শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া উক্ত মাদ্রাসায় আরো ১ হাজার ১০ জন আলিয়ার আলেম নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে তাদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে। খুব শীঘ্রই এর ফলাফল ঘোষণা হতে পারে।

এদিকে আজ বিকাল ৩.৩০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে নবনিযুক্ত শিক্ষকের জন্য ৩ দিনব্যাপি ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে বজলুল হক হারুন এমপি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি সনদের স্বীকৃতি প্রদানের মাধ্যমে আলেমদের দীর্ঘদিনের দাবি পূরণ করেছেন। ১ হাজার ১০ জন কওমি আলেমকে ইসলামিক ফাউন্ডেশনের চাকুরি প্রদানের ঘটনা ঐতিহাসিক। সরকার আলেমদের জন্য দাওয়াতভিত্তিক কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

সভাপতির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসায় কওমি, আলিয়া ও সাধারণ শিক্ষা- ৩ গ্রুপে মোট ৩ হাজার ৩০ জন শিক্ষক নিয়োগ দেয়া হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক এডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস এর গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী ও সিরাজ উদ্দিন আহমেদ বক্তৃতা করেন। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক জুবায়ের আহমদ সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২